

## মা/বাবা ও পরিবারের জন্য সংস্থানসমূহ

### আপনার কোনো প্রশ্ন আছে?

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা দপ্তরের (New York State Education Department, NYSED) স্টেট মূল্যায়ন অফিসে (Office of State Assessment) এই নম্বরে যোগাযোগ করুন:

518-474-5902

বা ইমেইলে:

EMSCASSESSINFO@nysed.gov

আরো তথ্যের জন্য:

### NYSED ওয়েবপেজ ভিজিট করুন এখানে:

<http://www.nysed.gov/state-assessment/new-york-state-alternate-assessment>

এবং

বিশেষায়িত শিক্ষার অফিসে (Office of Special Education):

<http://www.p12.nysed.gov/specialed/>

New York State Education Department  
89 Washington Avenue  
Albany, New York 12234

(518) 474-5902

ফ্যাক্স (518) 474-1989



নিউ ইয়র্ক স্টেটের  
বিকল্প মূল্যায়ন ব্যবস্থা  
(NYSAA) সম্পর্কে  
একজন মা/বাবার  
দ্বি-নির্দেশনা গাইড




New York State Education Department

### মা/বাবার জন্য রিপোর্ট:

### আপনার সন্তানের NYSAA ফলাফলসমূহ

আপনার সন্তানকে যে সব ক্ষেত্রে মূল্যায়ন করা হয়েছে তার প্রতিটির জন্য আপনার সন্তানের স্কুল একটি আলাদা স্কোর রিপোর্ট বাড়িতে পাঠাবে। এই ফলাফলগুলো আপনি আপনার সন্তানের অগ্রগতি বোঝার প্রথম পদক্ষেপ হিসাবে ব্যবহার করতে পারেন।



## নিউ ইয়র্ক স্টেটের বিকল্প মূল্যায়ন

### ব্যবস্থা (New York State Alternate Assessment, NYSAA) কী?

NYSAA নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষা কর্মসূচির অংশ যা সবচেয়ে গুরুতর জ্ঞান-প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ইংরেজি ভাষা কলা (English language arts, ELA), গণিত এবং বিজ্ঞানের ক্ষেত্রে বিকল্প কৃতিত্বের মানসমূহের উপর ভিত্তি করে শিক্ষার্থীদের কর্মক্ষমতা পরিমাপ করে। এই মানগুলোর জটিলতা সাধারণ শিক্ষার মানসমূহের চাইতে সহজতর।

### সবচেয়ে গুরুতর জ্ঞান-প্রতিবন্ধী শিক্ষার্থী বলতে আমরা কী বোঝাই?

"সবচেয়ে গুরুতর জ্ঞান-প্রতিবন্ধী শিক্ষার্থী" বলতে বোঝানো যায় সেই সব শিক্ষার্থীদের যাদের বোঝার ক্ষমতা সীমিত, এবং তার সাথে যোগ হয় আচরণগত এবং/অথবা দৈহিক সীমাবদ্ধতা, এবং সমাজে দরকারী ও অর্থবহভাবে অংশগ্রহণের জন্য ও আত্মসিদ্ধি লাভের জন্য যাদের সম্পূর্ণ সম্ভাব্যতাকে সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে উচ্চ স্তরের বিশেষায়িত শিক্ষামূলক, সামাজিক, মনস্তাত্ত্বিক এবং চিকিৎসা পরিষেবাদের প্রয়োজন রয়েছে।

### NYSAA এ অংশ নেওয়া কাদের জন্য জরুরী?

শুধুমাত্র সবচেয়ে গুরুতর জ্ঞান-প্রতিবন্ধী শিক্ষার্থীরাই NYSAA এ অংশ নেওয়ার যোগ্য। নিম্নলিখিত ব্যাপারগুলোর উপর ভিত্তি করে, বিশেষায়িত শিক্ষা কমিটি (Committee on Special Education, CSE) সিদ্ধান্ত নেয় যে একজন গুরুতর জ্ঞান-প্রতিবন্ধী শিক্ষার্থী NYSAA এ অংশ নেওয়ার যোগ্য কিনা:

- শিক্ষার্থীটির একটি গুরুতর জ্ঞান-প্রতিবন্ধীতা আছে, যোগাযোগ/ভাষার ব্যবহারে যথেষ্ট পরিমাণে সীমাবদ্ধতা আছে, এবং আচরণগত অভিযোজনে পর্যাপ্ত সীমাবদ্ধতা আছে; এবং
- শিক্ষার্থীটির একটি উচ্চ স্তরের বিশেষায়িত শিক্ষাদান ব্যবস্থা প্রয়োজন যেখানে স্বাভাবিক পরিবেশসমূহের (বাড়ি, স্কুল, সমাজ, এবং/অথবা কর্মস্থল) মধ্যে বিভিন্ন দক্ষতা অর্জন, প্রয়োগ, এবং স্থানান্তরের সুবিধা আছে; এবং
- শিক্ষার্থীটির শিক্ষাগত সাহায্যমূলক ব্যবস্থা, যেমন সহায়ক প্রযুক্তি, ব্যক্তিগত সেবা সুবিধা, স্বাস্থ্য/চিকিৎসাগত সুবিধা, বা আচরণগত ক্ষেত্রে হস্তক্ষেপের প্রয়োজন আছে।



### NYSAA নিম্নলিখিত ক্ষেত্রসমূহে শিক্ষার্থীদের অর্জনকে মূল্যায়িত করে: ইংরেজী ভাষা শিল্প (ELA), গণিত, এবং বিজ্ঞান

ডাইনামিক লার্নিং ম্যাপস (Dynamic Learning Maps, DLM) বিকল্প মূল্যায়ন ব্যবস্থা ব্যবহার করে ELA, গণিত এবং বিজ্ঞানের মূল্যায়ন করা হয়। DLM একটি কম্পিউটার-সরবরাহকৃত পরিবর্তনশীল মূল্যায়ন ব্যবস্থা যা অপরিহার্য উপাদান (Essential Elements)-এর উপর শিক্ষার্থীর জ্ঞান পরিমাপ করে। অপরিহার্য উপাদানসমূহ হল কৃতিত্ব অর্জনের বিকল্প মানদণ্ড যা শিক্ষাসংক্রান্ত মানের চাইতে মানের চেয়ে গভীরতা ও বিস্তৃতিতে সংক্ষিপ্ত। ELA ও গণিতে, শিক্ষার্থীদের গ্রেড 3-8 পর্যন্ত প্রতি বছরে একবার এবং মাধ্যমিক পর্যায়ে ৩ষ্ঠার পর থেকে হাই স্কুল থেকে বের হওয়ার আগ পর্যন্ত সময়ে একবার মূল্যায়ন করা হয়। বিজ্ঞানে, শিক্ষার্থীদের গ্রেড 4 ও 8 এ এবং মাধ্যমিক পর্যায়ে ৩ষ্ঠার পর থেকে হাই স্কুল থেকে বের হওয়ার আগ পর্যন্ত সময়ে একবার মূল্যায়ন করা হয়।

### স্কোরসমূহ

#### NYSAA স্কোর কী কাজে ব্যবহৃত হয়?

NYSAA স্কোর আপনাকে এবং আপনার সন্তানের শিক্ষককে দেখায় যে গ্রেড পর্যায়ে বিকল্প অর্জন মানদণ্ডের বিপরীতে আপনার সন্তানের অগ্রগতি কতটুকু। এই স্কোরগুলো আপনাকে:

- আপনার সন্তানের শক্তি ও প্রয়োজনগুলোকে সঠিকভাবে বুঝতে সাহায্য করবে; এবং
- আপনার সন্তানের একক ব্যবহারের জন্য বিশেষায়িত শিক্ষা প্রকল্প (Individualized Education Program, IEP) নিয়ে অর্থবহ আলোচনার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করবে; এবং
- আপনার সন্তানের শিক্ষায় গুরুত্বপূর্ণ ব্যাপারগুলো নির্ধারণে সাহায্য করবে যেগুলো তার কার্যকর ও শিক্ষাগত লক্ষ্যসমূহ এবং স্বল্প-মেয়াদী উদ্দেশ্যগুলো সম্পর্কে জানাবে; এবং
- একাধিক পরিবেশ জুড়ে আপনার সন্তানের জন্য যোগাযোগের সবচেয়ে কার্যকরী উপায়টি চিহ্নিত করতে সাহায্য করবে।

